

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২১

খোয়াই, ৩ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪

খোয়াই জেলায় ব্যয় সংক্রান্ত পর্যবেক্ষকের সভাপতিত্বে সভা

২-ত্রিপুরা পূর্ব (এসাটি) সংসদীয় ক্ষেত্রের দায়িত্বপ্রাপ্ত ব্যয় সংক্রান্ত পর্যবেক্ষক রোবেন ম্যাথু জেকবের সভাপতিত্বে গতকাল খোয়াই জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স হলে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় ব্যয় সংক্রান্ত পর্যবেক্ষক রোবেন ম্যাথু জেকব নির্বাচনের ব্যয় সংক্রান্ত যাবতীয় বিষয় নির্বাচন কমিশনের বিধি অনুযায়ী সম্পন্ন করতে সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানান। সভায় উপস্থিত ছিলেন জেলা নির্বাচন আধিকারিক তথা জেলাশাসক চাঁদনী চন্দ্রন, বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধি, এআরওগণ, জেলা পুলিশ সুপার ডা. রমেশ যাদব, এক্সপেনডিচার নোডাল অফিসার রাজীব পাল ও নির্বাচনের কাজে যুক্ত অন্যান্য আধিকারিকগণ।

\*\*\*\*\*